

## **রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল**

বিভাগ/অধ্যায়ঃ একাদশ অধ্যায় - ফিত্বরার বিবরণ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যাকাত কোথায় দিতে হবে?

যাকাত আদায় করার সময় মুসলিম যে জায়গায় থাকে, সে জায়গার দরিদ্র মানুষদের মাঝে বিতরণ করতে হবে। তাতে সে জায়গা তার স্থায়ী আবাসভূমি হোক অথবা অস্থায়ী প্রবাসভূমি। বিশেষ করে সে জায়গা যদি মাহাত্ম্যপূর্ণ হয়; যেমন মক্কা ও মদ্বীনা, অথবা সে জায়গার গরীব মানুষরা বেশী অভাবী হয়, তাহলে সে জায়গাতেই যাকাত বন্টন করা কর্তব্য।

কিন্তু অবস্থান ক্ষেত্রে যদি সদকাহ গ্রহণকারী কোন গরীব মানুষ না থাকে, অথবা হকদার লোক জানা না থাকে, তাহলে যেখানে আছে সেখানে কোন প্রতিনিধিকে যাকাত বিতরণ করার ভার অর্পণ করতে হবে। তবে অবশ্যই তাদের হাতে সেই যাকাত ঈদের নামায়ের আগে পৌঁছতে হবে।[1]

## ফুটনোট

[1] (মাজাল্লাতুদ দা'ওয়া ১৬৭৪/৪১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4135

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন